ফেডারেশন অফ্ সিনে টেক্‌নিশিয়ান্স্ এ্যান্ড ওয়ার্কার্স্ অফ্ ইস্টার্ন ইন্ডিয়া
(অল্ ইন্ডিয়া ফিল্ম এম্‌প্লয়িজ কন্‌ফেডারেশন (মুম্বাই) অনুমোদিত)
৪, বাবুরাম ঘোষ রোড (টেক্‌নিশিয়ান্স্ স্টুডিও), চতুর্থ তল, টালিগঞ্জ, কোলকাতা - ৭০০ ০৪০
দূরাভাষ ঃ ৮০১৭০ ৬৬৬৬৬, রেজি নং - ৮১৫৪
REGD NO. : 8154
**Federation of Cine Technicians & Workers Of Eastern India**
(Affiliated to All India Film Employee Confederation, Mumbai )
4, Baburam Ghosh Road (Technicians' Studio), 4th Floor, Tollygunge, Kolkata - 700 040
Registration No. : 8154, Phone : 80170 66666
Website : www.fctwei.in, E-mail : fctweikolkata@gmail.com

Ref No. ..............................

Date ..................................

তারিখ : ৩০-০৮-২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি :

ফেডারেশন অফ সিনে টেকনিশিয়ানস অ্যান্ড ওয়ার্কার্স অফ ইস্টার্ন ইন্ডিয়া'র পক্ষ থেকে একটি অত্যন্ত সময়োপযোগী ও আধুনিক ঘোষণা।

# "সুরক্ষা-বন্ধু"

গণমাধ্যমের সকল সদস্যের মাধ্যমে বাংলা চলচ্চিত্র শিল্পের সঙ্গে সংযুক্ত প্রতিটি শিল্পী ও কলাকুশলীর কাছে এবং সমাজের সকল মানুষের কাছে ফেডারেশন এক অতি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত জানাতে চলেছে; এবং আজকের সাংবাদিক বৈঠকের সেটাই উদ্দেশ্য। আশা করি, এই বিশেষ গুরুত্বপূর্ণ সংবাদটির উপযুক্ত প্রচারের মাধ্যমে আপনাদের অকুণ্ঠ সহায়তা ও সমর্থন আমরা পাবো, যেমন চিরকাল পেয়ে এসেছি।

কিছু সাম্প্রতিক ঘটনার প্রেক্ষিতে আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি, শতাব্দী-প্রাচীন বাংলা চলচ্চিত্র শিল্পে এক বিব্রতকর, অনৈতিক ও লজ্জাজনক অভিযোগ উঠে আসছে আমাদের সম্মানীয়া কিছু মহিলা কলাকুশলী ও অভিনয়শিল্পীদের কাছ থেকে। অভিযোগ, বিরল ও ব্যতিক্রম হলেও, কিছু চলচ্চিত্র শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তি মহিলা কর্মীদের সঙ্গে অনৈতিক ব্যবহার ও আরও কিছু কিছু অশালীন ব্যবহার করেছেন—যা কখনই সমর্থনযোগ্য নয়। ফেডারেশন এই ধরণের লিঙ্গ বৈষম্যমূলক অভব্যতার লেশমাত্রও সমর্থন করে না, কোনওদিন করেওনি।

ফেডারেশন অফ্ সিনে টেক্‌নিশিয়ান্স্ এ্যান্ড ওয়ার্কার্স্ অফ্ ইস্টার্ন ইন্ডিয়া
(অল্ ইন্ডিয়া ফিল্ম এম্‌প্লয়িজ কন্‌ফেডারেশন (মুম্বাই) অনুমোদিত)
৪, বাবুরাম ঘোষ রোড (টেক্‌নিশিয়ান্স্ স্টুডিও), চতুর্থ তল, টালিগঞ্জ, কোলকাতা - ৭০০ ০৪০
দূরাভাষ ঃ ৮০১৭০ ৬৬৬৬৬, রেজি নং - ৮১৫৪
Federation of Cine Technicians & Workers Of Eastern India
(Affiliated to All India Film Employee Confederation, Mumbai )
REGD NO. : 8154
4, Baburam Ghosh Road (Technicians' Studio), 4th Floor, Tollygunge, Kolkata - 700 040
Registration No. : 8154, Phone : 80170 66666
Website : www.fctwei.in, E-mail : fctweikolkata@gmail.com

Ref No. ..............................

Date ..................................

আমরা মনে করছি, ফেডারেশনের অন্তর্গত সকল মহিলা সদস্য [যার মধ্যে জুনিয়র আর্টিস্টস, কো-আর্টিস্টস'রাও রয়েছেন] আমাদের সকল শিল্পী ও কলাকুশলীর যে বৃহত্তর পরিবার—তার অবিচ্ছেদ্য অংশ; এবং সর্ব অর্থে তাঁদের সম্মানের সুরক্ষা করা আমাদের সার্বিক দায়িত্ব ও কর্তব্যের মধ্যেই পড়ে। ফেডারেশন সেভাবেই সকল মহিলা কলাকুশলী ও শিল্পীদের বরণ করেছে ও সম্ভ্রমের সঙ্গে তাঁদের সুরক্ষা দিয়ে এসেছে এতকাল। অভিযুক্ত কয়েকজনের জন্য এই কাজের পরিবেশের শৃঙ্খলা, শান্তি ও রক্ষাকবচ আমরা কিছুতেই ভাঙতে দিতে পারি না।

এই অঙ্গীকার ও বিশ্বাসের জায়গা থেকেই ফেডারেশন আজ "সুরক্ষা-বন্ধু" কমিটি ঘোষণা করছে। বিভিন্ন গিল্ডের সদস্যদের মধ্য থেকে মহিলা প্রতিনিধিদের নিয়ে ফেডারেশন একটি কমিটি বা নির্বাহী সমিতি প্রতিষ্ঠা করছে। কর্মক্ষেত্রের যে কোনও জায়গায়; তা শুটিং হোক বা প্রি-প্রোডাকশন ও পোস্ট-প্রোডাকশনের কাজ করতে গিয়ে ফেডারেশনের যে-কোনও মহিলা সদস্য যদি কোনওরকম লিঙ্গ-বৈষম্যমূলক আচরণ, অশালীন ইঙ্গিত বা আচরণ, যে কোনও প্রকার অরক্ষিত পরিস্থিতিতে পড়েন; বা, যে-কোনও বৈদ্যুতিন মাধ্যম (যেমন মোবাইল ফোন ইত্যাদি) ব্যবহার করে তাঁদের কেউ উত্যক্ত করার চেষ্টা করে—তাহলে তৎক্ষণাৎ সেই সদস্য এই "সুরক্ষা-বন্ধু" কমিটির যে কোনও সদস্যের সঙ্গে যোগাযোগ করতে পারবেন। সেক্ষেত্রে তাঁকে "সুরক্ষা-বন্ধু" কমিটির কাছে লিখিত অভিযোগ জানাতে হবে অথবা ইমেলে অভিযোগ পাঠাতে হবে; ই-মেল আই-ডি হলঃ surokkhabandhu.fctwei@gmail.com. সুরক্ষা-বন্ধু'রা যে শুধুমাত্র সেই অভিযোগের তৎক্ষণাৎ প্রতিরোধ বা প্রতিকারের চেষ্টা করবেন তা-ই নয়, তাঁদের কাজের পরিধি হবে আরও বিস্তৃত ও সার্বিক।

ফেডারেশন অফ্ সিনে টেক্‌নিশিয়ান্স্ এ্যান্ড ওয়ার্কার্স্ অফ্ ইস্টার্ন ইন্ডিয়া
(অল্ ইন্ডিয়া ফিল্ম এম্‌প্লয়িজ কন্‌ফেডারেশন (মুম্বাই) অনুমোদিত)
৪, বাবুরাম ঘোষ রোড (টেক্‌নিশিয়ান্স্ স্টুডিও), চতুর্থ তল, টালিগঞ্জ, কোলকাতা - ৭০০ ০৪০
দূরাভাষ : ৮০১৭০ ৬৬৬৬৬, রেজি নং - ৮১৫৪
REGD NO. : 8154
**Federation of Cine Technicians & Workers Of Eastern India**
(Affiliated to All India Film Employee Confederation, Mumbai )
4, Baburam Ghosh Road (Technicians' Studio), 4th Floor, Tollygunge, Kolkata - 700 040
Registration No. : 8154, Phone : 80170 66666
Website : www.fctwei.in, E-mail : fctweikolkata@gmail.com

Ref No. ..............................

Date ..................................

ফেডারেশন ইতিমধ্যে কলকাতা পুলিশের মাননীয় মুখ্য নগরপাল ও পশ্চিমবঙ্গ পুলিশের মাননীয় ডিরেক্টর-জেনারেল-এর কাছে এই কমিটি গঠনের বিষয়টি লিখিতভাবে জানিয়েছে; আশা করি, এই বিষয়ে পুলিশের সম্পূর্ণ সহযোগিতা আমরা পাবো। ঠিক কেমন করে, কেমন ভাষায় ও পদ্ধতিতে আমাদের সদস্যরা কোনও অনভিপ্রেত ঘটনা পুলিশকে জানাতে পারবেন, অভিযোগ দাখিল করতে পারবেন সঙ্গে সঙ্গে — তার সম্পূর্ণ তথ্য ও তরিকা এই "সুরক্ষা বন্ধু" কমিটির সদস্যরা এই কমিটির অন্তর্ভুক্ত আইনজীবীদের সঙ্গে পরামর্শ করে জানাবেন, নিগৃহীতা কলাকুশলী বা অভিনেত্রীর ঠিক কী করণীয়।

এই প্রসঙ্গে আপনাদের ও ফেডারেশনের সকল সদস্যকে জানানো হচ্ছে যে— ইতিমধ্যে আমরা কলকাতার যশস্বী কয়েকজন আইনজীবীর সঙ্গে অত্যন্ত সফলতার সঙ্গে যোগাযোগ করেছি। তাঁরা আমাদের 'কেস টু কেস', অর্থাৎ প্রতিটি অভিযোগের গুরুত্ব অনুধাবন করে, আইনি পদক্ষেপ করবেন—যার জন্য প্রয়োজনীয় মামলার (যদি করতে হয়) আদালতগত ব্যয় ও আইনজ্ঞের পেশাদারি পারিশ্রমিকের ব্যয়ভার যদি সেই অভিযোগকারিণী আর্থিক ভাবে অসমর্থ হন সেক্ষেত্রে ফেডারেশন বহন করবে অথবা আইনজীবীরা বিনা পারিশ্রমিকে এই আইনি লড়াই চালিয়ে যাবেন। যতক্ষণ না সত্য উদ্ঘাটিত হচ্ছে, অভিযোগের নিষ্পত্তি হচ্ছে, এবং অপরাধীর আইনি শাস্তি বিধান হচ্ছে, "সুরক্ষা-বন্ধু" ততক্ষণ বা ততদিন অভিযোগকারিণীর সার্বিক নিরাপত্তা ও কাজের উপযুক্ত পরিবেশের জন্য পুলিশি সহায়তা চাইতে পারেন।

বি পি পোদ্দার হসপিটাল এন্ড মেডিকেল রিসার্চ লিমিটেড এর গ্রুপ CEO "সুরক্ষা বন্ধু" কমিটির সঙ্গে থাকার অঙ্গীকার করেছেন। যদি কোনো অভিযোগকারিণী কোনো প্রকার মনোবিজ্ঞান গত সহায়তার প্রয়োজন হয় অথবা অন্যান্য কোনো

ফেডারেশন অফ্ সিনে টেক্‌নিশিয়ান্স্ এ্যান্ড ওয়ার্কার্স্ অফ্ ইস্টার্ন ইন্ডিয়া
(অল্ ইন্ডিয়া ফিল্ম এম্‌প্লয়িজ কন্‌ফেডারেশন (মুম্বাই) অনুমোদিত)
৪, বাবুরাম ঘোষ রোড (টেক্‌নিশিয়ান্স্ স্টুডিও), চতুর্থ তল, টালিগঞ্জ, কোলকাতা - ৭০০ ০৪০
দূরাভাষ ঃ ৮০১৭০ ৬৬৬৬৬, রেজি নং - ৮১৫৪
Federation of Cine Technicians & Workers Of Eastern India
(Affiliated to All India Film Employee Confederation, Mumbai)
REGD NO. : 8154
4, Baburam Ghosh Road (Technicians' Studio), 4th Floor, Tollygunge, Kolkata - 700 040
Registration No. : 8154, Phone : 80170 66666
Website : www.fctwei.in, E-mail : fctweikolkata@gmail.com

Ref No. ..............................

Date ..................................

চিকিৎসাগত সহায়তার প্রয়োজন পড়ে, সেক্ষেত্রে তাদের হাসপাতাল কর্তৃপক্ষ সম্পূর্ণ সহায়তার আশ্বাস দিয়েছেন।

আমরা আশা করি, বাংলা টেলিভিশন, চলচ্চিত্র, ও.টি.টি.-র মতো সদা-বিস্তারিত এই শিল্পে সকল সদস্যদের মধ্যে যে শ্রদ্ধা, সম্মান, ভালবাসা ও পারস্পরিক বিশ্বাসের সম্পর্ক সেই পরিবেশকেই সম্পূর্ণ দূষণমুক্ত করার ক্ষেত্রে এক নিয়ামকের ভূমিকা পালন করে চলবে এই "সুরক্ষা-বন্ধু", যাতে চলচ্চিত্রশিল্পের সঙ্গে জড়িত আমাদের মা ও বোনেরা কাজ করতে এসে মনে করতে পারবেন—তাঁরা তাঁদের সংসারের সুরক্ষার মধ্যেই আছেন, বন্ধু, ভাই বা দাদাদের মধ্যেই আছেন—যেটাই সাধারণত দস্তুর।

চলচ্চিত্র শিল্পের আদর্শ আচরণবিধি ও সুষ্ঠু পরিবেশের স্বার্থে আমাদের এই উদ্যোগে 'Eastern India Motion Picture Association'-এর সভাপতিকে আমাদের কমিটিতে আমন্ত্রিত সদস্য হিসেবে পাচ্ছি; তাঁর এই সক্রিয় অংশগ্রহণের জন্য তাঁকে আন্তরিক অভিনন্দন জানাই। এই শুভ উদ্যোগে West Bengal Motion Picture Artists' Forum -কেও সামিল হওয়ার জন্য আহ্বান জানাচ্ছি।

ফেডারেশনের এই পদক্ষেপ চলচ্চিত্র শিল্পের আদর্শ পরিবেশ গড়ে তুলবে, এই প্রার্থনা করি।

**স্বরূপ বিশ্বাস**

সভাপতি

**অভিজিৎ ঘোষ**

সম্পাদক